একাডেমিক শাখা
ACADEMIC SECTION
OFFICE OF THE REGISTRAR
UNIVERSITY OF CHITTAGONG
CHATTOGRAM, BANGLADESH

UNIVERSITY OF CHITTAGONG
CHATTOGRAM-4331, BANGLADESH
Phone : PABX 02334460765-74, 79-91
Extn-Off : 4404
Fax : 02334460778
E-mail : dracademic@cu.ac.bd

সূত্র / Ref : একা-৪৬(২)/২০২৫-২০২৬/১০৪৪০ তারিখ / Date : ৯.৯.২০২৫

বরাবর
১। সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, সকল ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

বিষয় ঃ মাস্টার্সে অধ্যয়নরত শিক্ষার্থীর জন্য মেধা ও সাধারন বৃত্তি বন্টন প্রসঙ্গে।

সূত্র ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর অফিস আদেশ (স্মারক নং ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০১.২১-২৮৩/১০), তারিখ: ২৭-৮-২০২৫)

মহোদয়,

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে সর্বশেষ প্রকাশিত অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২৫-২০২৬ অর্থ বছরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীর জন্য সরকারী ১৮ টি মেধাবৃত্তি ও ৫৬২ টি সাধারন বৃত্তি বরাদ্দ রয়েছে। সর্বশেষ প্রকাশিত অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মাস্টার্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনুপাতে অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট ভিত্তিক মেধা ও সাধারন বৃত্তির সংখ্যা **(পরিশিষ্ট-১)** এবং বৃত্তি প্রদানের আবেদনপত্র **(পরিশিষ্ট-২)** এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

## শর্তাবলী

১। সর্বশেষ প্রকাশিত অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ন্যূনতম ২.৫০ সিজিপিএ প্রাপ্ত মাস্টার্স কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীরা নির্ধারিত আবেদন ফরমে **(পরিশিষ্ট-২)** সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে আবেদন করবে।

২। জাতীয় মেধার ভিত্তিতে বিভাগ/ইনস্টিটিউটের জন্য বরাদ্দকৃত সংখ্যানুযায়ী **(পরিশিষ্ট-১)** বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট বিভাগীয় /ইনস্টিটিউট অফিস প্রস্তুত করবেন।

৩। বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী অনুপাতে মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তির ৫০% ছাত্র এবং ৫০% ছাত্রী হিসেবে বণ্টিত হবে। তবে যোগ্য ছাত্রী পাওয়া না গেলে যোগ্য ছাত্রকে সম্পুরক বৃত্তি দেয়া যাবে।

৪। বৃত্তি বণ্টনের ক্ষেত্রে শুধু অনার্স পরীক্ষায় প্রাপ্ত সিজিপিএ বিবেচনা করতে হবে। একই সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীর ক্ষেত্রে ক্রমান্বয়ে এইচএসসি ও এসএসসি পরীক্ষার জিপিএ বিবেচনা করতে হবে।

৫। একই আর্থিক সালে দুই শিক্ষাবর্ষে মাস্টার্স কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থী থাকলে বৃত্তির সংখ্যা অপরিবর্তিত রেখে ভাগাভাগি করা যাবে।

৬। অনুষদভুক্ত কোন বিভাগ/ইনস্টিটিউটে আবেদনকারী শিক্ষার্থী না থাকলে একই অনুষদভুক্ত অন্য বিভাগ/ইনস্টিটিউটের আবেদনকারী শিক্ষার্থীকে সংশ্লিষ্ট অনুষদের সম্মানিত ডিন এর সম্মতিতে মেধানুযায়ী বৃত্তি বণ্টন করা যাবে।

৭। সাধারণ বৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীর মধ্যে সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে অনুষদ ভিত্তিক সংখ্যানুযায়ী **(পরিশিষ্ট-১)** সংশ্লিষ্ট অনুষদের সম্মানিত ডিন মেধাবৃত্তির জন্য মনোনয়ন দিবেন।

৮। সাধারণ ও মেধাবৃত্তি প্রদানের ক্ষেত্রে একই সিজিপিএ প্রাপ্ত ছাত্র/ছাত্রীর Total Marks বিবেচনা করা হবে।

সর্বশেষ প্রকাশিত অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২৫-২০২৬ আর্থিক সালে বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটে মাস্টার্স কোর্সে অধ্যয়নরত সংখ্যানুযায়ী **(পরিশিষ্ট-১)** বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক মেধা ও সাধারন বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পূরণকৃত আবেদনপত্র ও অনার্স পরীক্ষার সমন্বিত মার্কশীটের সত্যায়িত ফটোকপিসহ নামের তালিকা সংশ্লিষ্ট অনুষদের সম্মানিত ডিন এর মাধ্যমে আগামী ১৬ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে একাডেমিক শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে আদেশক্রমে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত
স্বাক্ষরিত-
(এস.এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
তারিখ: ৯.৯.২০২৫

একা-৪৬(২)/২০২৫-২০২৬/১০৪৪০/৫৩(১৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [ আবেদনপত্রসহ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৩. হিসাব নিয়ামক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৪. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৫. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৬. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৭. সহকারী রেজিস্ট্রার (সংযুক্ত শাখা), রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য]
৮. নথি

৯.৯.২৫

(এস.এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

Sulltan
09.09.2025

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**Honours Scholarship: (সর্বশেষ প্রকাশিত অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মাস্টার্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য সরকারী বৃত্তি প্রদানের আবেদন পত্র)**

1. Scholarship Type: Talent Pool/ General......................................
2. Scholarship Exam.: (Honours)....................................
3. Admission Year: (Master's Admission Session).............................
4. Student's Name (Bangla):
5. Student's Name (English in Block Letter):
6. Father's Info.:

Father's NID: Father's Date of Birth:

Father's Name (Bangla):

Father's Name (English):

7. Mother's Info.:

Mother's NID: Mather's Date of Birth:

Mother's Name (Bangla):

Mother's Name (English):

8. Student's Birth Certificate Number/ NID:
9. Student's Date of Birth: 10. Student's Gender:
11. Student's Mobile No. :
12. Student's Permanent Info.:

Division: District: Upazila:

Parmanent Address:

Union: Ward No: Post Code:

Address:

13. Previous (Honours) Educational Info.:

Division: District: Upazila:

Pourasava:

14. Previous Educational Level:

Honours Result (CGPA): Honours Passing/Exam. Year:

15. Current Educational Info.:

Student ID No. Dept./Institute:

16. Guardian Info.:

Relation: Guardian's NID.:

Guardian's Name (Bangla):

Guardian's Name (English):

Guardian's Occupation: Guardian's Date of Birth:

Guardian's Birth Certificate Number/ NID:

17.Student's Bank Account No. :
[Bank A/C of the student with online banking facility (A/C number must be within 13 to 17 digits)]
Bank Name in English:
Bank Branch Name in English:
Routing Number:

আমি এতদ্বারা প্রতিজ্ঞা করছি যে, উল্লিখিত বিবরণসমূহ সত্য। উল্লিখিত বিবরণের কোন তথ্য ভুল/অসম্পূর্ণ থাকলে আমি দায়ী থাকব এবং তজ্জন্য বৃত্তি হতে বঞ্চিত হলে আমার কোন আপত্তি থাকবে না।

..........................................
ছাত্র/ছাত্রীর নাম ও স্বাক্ষর

বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালক এর স্বাক্ষর ও অফিস সীল

তারিখ:..............................

তারিখ:...............................

Sullivan 09.09.2025

নির্দেশাবলী অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**<u>MIS-এ Inpute দেয়া এবং বৃত্তির অর্থ স্ব স্ব ব্যাংক হিসাব নম্বরে EFT এর মাধ্যমে প্রেরণের সুবিধার্থে সংশ্লিষ্ট শিক্ষার্থীর তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করতে হবে ঃ</u>**

১। আবেদনকারী শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।

২। বাংলাদেশের অনলাইন ব্যাংকিং সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব নম্বর (কমপক্ষে ১৩ থেকে ১৭ ডিজিটের) থাকতে হবে।

৩। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।

৪। প্রাপকের ব্যাংকের নাম সম্পূর্ণ লিখতে হবে। (যেমনঃ UCB না লিখে United Commercial Bank Ltd সম্পূর্ন লিখতে হবে)।

৫। ব্যাংকের নাম, শাখার নাম (অবশ্যই মূল শাখার নাম হতে হবে), রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। উপশাখা, মোবাইল ব্যাংকিং যেমন: বিকাশ, রকেট, শিওর ক্যাশ, উপায়, নগদসহ কোন ধরণের এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না।

৬। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল **(Active)** থাকতে হবে।

৭। শিক্ষার্থীর আইডি.নম্বর, অনার্স পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে।

৮। বৃত্তির ক্যাটাগরি (Talent Pool/General) সঠিকভাবে পূরণ করতে হবে।

৯। অনার্স পরীক্ষার মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। আবেদনে উল্লিখিত সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে।

১১। আবেদনকারীকে স্বহস্তে আবেদন পত্র পূরণ করতে হবে এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। প্রয়োজনে আবেদন পত্রের ফটোকপি ব্যবহার করা যাবে।

Sultana
09.09.2025

09.09.25
4.30pm